# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 06 May, 2025

জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে বৈঠকে বসেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। মঙ্গলবার জাতীয় সংসদ ভবনের এলডি হলে দলটির উত্তরাঞ্চলীয় মুখ্য সংগঠক সার্জিস আলমের নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধি দল এ বৈঠকে অংশ নেন।

বৈঠকের শুরুতে সূচনা বক্তব্য রাখেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ।তিনি বলেন, ‘এর আগে আমরা জাতীয় নাগরিক পার্টির সঙ্গে আলোচনা করেছিলাম।সেখানে কিছু কিছু বিষয়ে অমীমাংসিত ছিল এবং কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয়নি। তবে কমিশন আশা করছে, আজকের বৈঠকের মাধ্যমে এ বিষয়ে উল্লেখযোগ্য অগ্রগতি সম্ভব হবে।

তিনি আরও বলেন, ‘প্রাথমিক পর্যায়ে কমিশনের লক্ষ্য হলো-আগামী ১৫ মে’র মধ্যে সকল রাজনৈতিক দলের সঙ্গে আলোচনার প্রথম পর্ব শেষ করা এবং এরপর দ্বিতীয় ধাপে আলোচনা শুরু করা।এই ধারাবাহিক আলোচনা থেকে আমরা চেষ্টা করছি জাতীয় সনদ তৈরি করতে।

আলী রীয়াজ বলেন, ‘জাতীয় সনদের মূল লক্ষ্য হবে ভবিষ্যতের বাংলাদেশের জন্য একটি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার পথ নির্দেশনা নির্ধারণ করা। আমরা আশা করছি, আজকের আলোচনার মধ্য দিয়েই আমরা অনেক দূর এগিয়ে যেতে পারব।

আলোচনার পূর্বে অধ্যাপক আলী রীয়াজের কাছে স্বতন্ত্র একটি মৌলিক সংস্কার প্রস্তাবনার রূপরেখা জমা দেন এনসিপির সদস্য সচিব আখতার হোসেন।এতে মৌলিক শাসনব্যবস্থা তৈরি করতে ক্ষমতার ভারসাম্য, বিকেন্দ্রীকরণ ও জবাবদিহিতা নিশ্চিতের দাবি জানিয়েছে দলটি।

এনসিপির দেওয়া মৌলিক সংস্কারের প্রস্তাবনা গ্রহণ করে অধ্যাপক আলী রীয়াজ জানান, ‘প্রস্তাব পর্যালোচনা করে দ্বিতীয় পর্যায়ের আলোচনায় এটার প্রতিফলন হবে। এই মৌলিক সংস্কারের রূপরেখা আমাদের সাহায্য করবে।

বৈঠকে কমিশনের সদস্য হিসেবে উপস্থিত রয়েছেন- ড. ইফতেখারুজ্জামান, ড. বদিউল আলম মজুমদার, সফর রাজ হোসেন, বিচারপতি মো. এমদাদুল হক।

এছাড়া প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য) মনির হায়দার।এনসিপির পক্ষ থেকে উপস্থিত আছেন সদস্য সচিব আখতার হোসেন, উত্তরাঞ্চলীয় মুখ্য সংগঠক সারজিস আলম ও যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার।

সার্জিস আলম জাতীয় নাগরিক পার্টি জাতীয় ঐকমত্য কমিশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:38

URL: https://www.timestodaybd.com/politics/7758072006